

দ্রাঘাদনেও জাতীয়করণ হয়নি মহারানী স্বর্ণময়ী স্কুল

■ উলিপুর(কুড়িগ্রাম) মহাবিদ্যালয়

১৪৭ বছরেও জাতীয়করণ হয়নি কুড়িগ্রাম জেলার ঐতিহ্যবাহী প্রাচীন বিদ্যাপীঠ উলিপুর মহারানী স্বর্ণময়ী স্কুল এন্ড কলেজ। উলিপুর উপজেলা সদরে অবস্থিত প্রতিষ্ঠানটি ফলাফল ও শিক্ষায় উত্তরাঞ্চলের শীর্ষস্থানীয় প্রতিষ্ঠানগুলোর মধ্যে ইতোমধ্যেই স্থান করে নিয়েছে। ১৮৬৮ সালে উলিপুর মহারানী স্বর্ণময়ী বিদ্যালয় নামে প্রতিষ্ঠানটির যাত্রা শুরু। কাশিমবাজারের জমিদার মহারাজ কৃষ্ণচন্দ্রের বিধবা স্ত্রী মহীয়সী মহারানী স্বর্ণময়ী বাহারবন্দ পরগণার প্রজা সাধারণের সন্তানদের শিক্ষা দেয়ার উদ্দেশ্যে বিদ্যালয়টি প্রতিষ্ঠা করেন। ১৯৯৭ সালে এতে কারিগরি শাখা ও ১৯৯৯ সালে মহাবিদ্যালয়ের কার্যক্রম শুরু হয়।

বর্তমানে প্রতিষ্ঠানটিতে রয়েছে একাধিক বহুতল ভবন। শিক্ষক-কর্মচারীদের জন্য একটি প্রশাসনিক ভবনসহ আরো ৫টি একাডেমিক ভবন। উচ্চ বিদ্যালয়, কারিগরি ও মহাবিদ্যালয়ের জন্য রয়েছে আলাদা আলাদা ভবন ও ক্লাসরুম। বর্তমানে প্রতিষ্ঠানটিতে দুই সহস্রাধিক শিক্ষার্থী লেখাপড়া করছে। প্রায় ১শ' জন শিক্ষক-কর্মচারী এখানে কর্মরত আছেন। প্রতিবছর বিভিন্ন সার্টিফিকেট পরীক্ষায় এ প্রতিষ্ঠানের ফলাফল ঈর্ষণীয়। কিন্তু দীর্ঘ সময়েও এ প্রতিষ্ঠানটি জাতীয়করণের উদ্যোগ নেয়া হয়নি। অধ্যক্ষ আব্দুল কাদের বলেন, প্রতিষ্ঠানটি সুপ্রাচীন হওয়ায় অনেক আগেই জাতীয়করণ করা উচিত ছিল।